গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.০৯.২০১৮ / ২৮৫

তারিখ ২৮ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ রীট পিটিশন নং-৪৬০/২০১৮ [পিটিশনার মোঃ আবুল বাশার দর্জি, পিতা-বারেক দর্জি, উপজেলা-চাঁদপুর সদ, জেলা-চাঁদপুর বনাম সরকার ও অন্যান্য] এর বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ১৮.১.২০১৮ খ্রিঃ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, চাঁদপুর জেলার মা ইলিশ রক্ষা অভিযানে চাঁদপুর সদর উপজেলাধীন ছাদারচর ইউনিয়নের ০১ নং ইউনিয়নের সদস্য জনাব আবুল বাশার দর্জি সরকারী আদেশ অমান্য করে মা ইলিশ ধরার সময় তিনি এবং সঙ্গীয় লোকজনসহ নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত গ্রাম পুলিশকে মারধর করার অভিযোগে উক্ত ইউপি সদস্যের বিরুদ্ধে চাঁদপুর মডেল থানায় দায়েরকৃত গত ৭.১০.২০১৭ তারিখের ১৩/১২৫ নং মামলার অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় তাঁকে ইউপি-১ শাখার ২০ ডিসেম্বর ২০১৭ তারিখের ৯৯৮ নং স্মারককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে সচিব মহোদয়সহ ৬ (ছয়) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে তর্কিত বরখাস্ত আদেশ কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত উক্ত বরখাস্ত আদেশের কার্যকারিতা আদেশের তারিখ থেকে ৩ (তিন) মাসের জন্য স্থগিত করেছেন। রীট পিটিশন নং ৪৬০/২০১৮ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যক।

২। এমতাবস্থায়, অন্তর্বর্তী আদেশ প্রতিপালন পূর্বক রীটের আরজির আলোকে দফাওয়ারী জবাব (Statement of facts-SF)এবং প্রাসঙ্গিক কাগজপত্র সত্যায়িত করে দুই প্রস্থ জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুল ও আরজির কপি --------- ফর্দ।

১১/২/২০১৮
(ড. সৈয়দা নওশীণ পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব (আইন)
☎১৫৪০৯৯৫
E-mail: [illegible]

জেলা প্রশাসক
চাঁদপুর।

[illegible]
১। [illegible]
২। [illegible]
৩। [illegible]
৪। [illegible]